

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬২০

আগরতলা, ১০ জানুয়ারি, ২০১৯

পশ্চিম জেলায় এম জি এন রেগায় আনারস বাগান

উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের উদ্যোগে চলতি বছরে পশ্চিম জেলার বিভিন্ন ব্লকের ১৭৩.৯০ হেক্টর এলাকায় এম জি এন রেগায় আনারস বাগান করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই কর্মসূচি রূপায়ণে বরাদ্দ ধরা হয়েছে ২ কোটি ৯১ লক্ষ ৪১ হাজার ৮০৬ টাকা। এই কর্মসূচিতে জেলার ২৮৯ জন কৃষক উপকৃত হবেন। সংশ্লিষ্ট দপ্তরের পশ্চিম জেলা কার্যালয়ের আধিকারিক এই সংবাদ দিয়ে জানিয়েছেন, এই প্রকল্পে জেলার লেফুঙ্গা ব্লকের ৪৬ জন কৃষকের ৯ হেক্টর জমিতে আনারস বাগান করার কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে ৫ হেক্টর জমিতে আনারসের চারা রোপণের কাজ শেষ হয়েছে। ৪ হেক্টরে আনারস চারা রোপণের কাজ চলছে। জিরানীয়া ব্লকের ৪৫ জনের ৯ হেক্টর জমিতে আনারস বাগান করার লক্ষ্যমাত্রা রয়েছে। এখন পর্যন্ত ৬.৬ হেক্টরে আনারস চাষের কাজ শুরু হয়েছে। বেলবাড়ি ব্লকের ৩০ জন কৃষকের ২৪ হেক্টর লক্ষ্যমাত্রার মধ্যে ২১.৩ হেক্টর জমিতে আনারস চাষের কাজ শুরু হয়েছে। পুরাতন আগরতলা ব্লকের ১৬ জন কৃষকের ১৮.৯ হেক্টর লক্ষ্যমাত্রার মধ্যে ৬.৫ হেক্টর জমিতে আনারস চাষের কাজ শুরু হয়েছে। ডুকলী ব্লকের ১০০ জন কৃষকের ৩৩.৫ হেক্টর লক্ষ্যমাত্রার মধ্যে ২১.১০ হেক্টরে আনারস চাষের কাজ শুরু হয়েছে। মান্দাই ব্লকের ৫২ জন কৃষকের ৩৩.৫ হেক্টর লক্ষ্যমাত্রার মধ্যে ১৭.৫০ হেক্টর জমিতে আনারস চাষের কাজ শুরু হয়েছে। হেজামারা ব্লকের ৪৫ হেক্টর এলাকায় আনারস চাষ করার লক্ষ্যমাত্রা রয়েছে।
